

মাসিক দুদকবার্তা

www.acc.org.bd

এক নজরে



সম্পাদকীয়



শ্রেণিকতার



দায়েরকৃত
উল্লেখযোগ্য মামলা



হট লাইনভিত্তিক
অভিযান



প্রশিক্ষণ



বিচার ও দণ্ড



সভা-গণশুনানি
অভিযান কর্মসূচি



Like us on
Facebook

facebook.com/acc.org.bd



১০৮
নথরে ফ্রি কল করুন

সম্পাদকীয়

কমিশন ২০১৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত দেশের ৪,১৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন করেছে। শিক্ষার্থীদের মধ্যে সততার ব্যবহারিক চর্চার বিকাশ ঘটানোর নিমিত্তে কমিশন ২০১৬ সাল থেকে তরুণ প্রজন্ম বিশেষ করে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উত্তম চর্চার বিকাশে বিভিন্ন বিদ্যালয়ে সততা স্টোর গঠনের উদ্যোগ নেয়। ২০১৭ সালে কমিশন সততা স্টোর গঠন সংক্রান্ত নীতিমালার অনুমোদন দেয়। কেবল ২০১৯ সালেই কমিশন ২,১৭৭টি সততা স্টোর স্থাপন করেছে। বিগত চার বছরে ৪,১৪৯টি সততা স্টোর স্থাপিত হয়েছে।

কমিশন বিশ্বাস করে সততা ও নৈতিকতা প্রাত্যহিক জীবনে নিবিড় চর্চার বিষয়। পরিশুদ্ধ সমাজ বিনির্মাণে সততা চর্চার কোনো বিকল্প নেই। তরুণরা অনুকরণ প্রিয় হয়। তাদের মননে কোনটি সঠিক কিংবা ভুল তা নির্ধারিত হলে, সঠিক অবস্থান নিতে তারা ভুল করবে না।


দুদক এই উদ্যোগে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নৈতিকতাকে শাণিত করার জন্য বহুমাত্রিক কার্যক্রম পরিচালনা করেছে। কমিশনের এই কার্যক্রমের নতুন সংযোজন হচ্ছে সততা স্টোর। অভিনব এই স্টোর বা দোকান স্থাপন করা হচ্ছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে। এসব দোকানে বিভিন্ন শিক্ষা উপকরণের পাশাপাশি রয়েছে বিস্কুট, চিপস, চকোলেট ইত্যাদি। রয়েছে প্রতিটি পণ্যের মূল্য তালিকা, পণ্যমূল্য পরিশোধের জন্য ক্যাশ বাস্ক ইত্যাদি, নেই গুপ্ত বিক্রোতা। শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় পণ্য কিনে ক্যাশ বাস্কে পণ্য মূল্য পরিশোধ করছে। কমিশনের নিকট এখন পর্যন্ত এ সকল স্টোর পরিচালনার ক্ষেত্রে অনৈতিকতার কোনো অভিযোগ আসেনি। এই স্বচ্ছতা এবং সততা কমিশনকে আশান্বিত করছে। কমিশনের উদ্যোগ ছাড়াও কোনো স্কুল কর্তৃপক্ষ, স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাগণ স্ব-প্রণোদিত হয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন করছেন।

আজ পর্যন্ত এসব সততা স্টোরের স্বচ্ছতা নিয়ে কোনো অভিযোগ কমিশনে আসেনি। আমরা আশান্বিত আমাদের সন্তানতুল্য শিক্ষার্থীরা নৈতিকতার উৎকর্ষ সাধনে উত্তীর্ণ। তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। তারাই একদিন আমাদের নৈতিক মূল্যবোধের হারিয়ে যাওয়া মানদণ্ড ফিরিয়ে আনবে। পরিশুদ্ধ মানুষের শুদ্ধ সমাজ গঠন হবে। একদিন দুর্নীতিপরায়ণ, ঘুষখোর, কালোবাজারি, অর্থ পাচারকারী, ক্ষমতার অপব্যবহারকারী, মুনাফাখোর তথা অনৈতিক কর্মে লিপ্ত মানুষগুলো এদেশের শুদ্ধ সমাজে অপাঙক্তেয় হয়ে পরবে।



গ্রেফতার

গণশুনানি



বিভিন্ন মামলায় তদন্তকারী কর্মকর্তাগণ আইনি প্রক্রিয়ায় ফেব্রুয়ারি/২০২০ মাসে ০১(এক) জনকে গ্রেফতার করেছেন।

| গ্রেফতারকৃত আসামির নাম | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ |
|--|---|
| মোঃ মিজানুর রহমান, সাবেক প্রধান সহকারী, খুলনা জেলা পরিষদ, খুলনা। | মোঃ মিজানুর রহমান সিডিউল বিক্রয় বাবদ ২৬,১৮,৯৮০/- টাকা, ভ্রমণ ভাতা বিল বাবদ ১,৮৩,৫০৮/- টাকা এবং খেয়াঘাটের খাস আদায় বাবদ ২১,৩২,১২০/- টাকাসহ সর্বমোট (২৬,১৮,৯৮০/- + ১,৮৩,৫০৮/- + ২১,৩২,১২০/-) = ৪৯,৩৪,৬০৮/- টাকা আত্মসাত করার অভিযোগ। |

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ০১টি গণশুনানি পরিচালনা করেন।

| গণশুনানির সংখ্যা | গণশুনানির স্থান |
|------------------|------------------------|
| ০১টি | রাসদাবালী, পটুয়াখালী। |

দায়েরকৃত উল্লেখযোগ্য কয়েকটি মামলা

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাত, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ১৪টি মামলা দায়ের করেছে। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:

| আসামির পরিচিতি | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| মোঃ শামীম কবীর, চেয়ারম্যান, ফারইস্ট ইসলামী মান্দি কো-অপারেটিভ সোসাইটি লিঃ। | দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে ২১,৯১,৪১,৮৩১/- টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন ও মানিলভারিং। |
| নূর মোহাম্মদ, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), জনতা বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা। | জাল সনদের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ে চাকরি নেয়ার অভিযোগ। |
| মোঃ দুলাল হোসেন, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা-মহাদেবপুর, জেলা-নওগাঁ। | মুক্তিযোদ্ধার ভূয়া সার্টিফিকেট দ্বারা চাকরি নেয়ার অভিযোগ। |



অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

কমিশন ফেব্রুয়ারি/২০২০ মাসে ১৪২টি অভিযান পরিচালনা করে।

| অভিযানের সংখ্যা | অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান |
|-----------------|---|
| ১৪২টি | নাগরিক সেবা : সিটি কর্পোরেশন; পৌরসভা; ইউনিয়ন পরিষদ; সমাজসেবা ও ট্রান ও ভাতা; ডাক বিভাগ; নির্বাচন অফিস। |
| | শিক্ষা : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর; শিক্ষা প্রতিষ্ঠান; জেলা শিক্ষা অফিস। |
| | ভূমি : ডিসি অফিসের এল.এ শাখা; এসি (ল্যান্ড) অফিস; সাব-রেজিস্ট্রারের কার্যালয়; ইউনিয়ন ভূমি/তহসিল অফিস; রাজউক ইত্যাদি। |
| | পরিবহন খাত : বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ); বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ); বিমানবন্দর; পোর্ট। |
| | অন্যান্য : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন; যমুনা ওয়েল; সার্টিফিকেট জালিয়াতি রোধ; কর্মসূজন প্রকল্প; দুর্যোগ ব্যবস্থাপনা; বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ; অহিসিটি বিভাগ ইত্যাদি। |